

G&T ভর্তিতে স্বাগতম!

9 এপ্রিল,

2021 -এর মধ্যে

আবেদন করুন

G&T প্রোগ্রামগুলি নিউ ইয়র্ক সিটির যোগ্য এলিমেন্টারি স্কুল শিক্ষার্থীদেরকে ত্বরান্বিত শিক্ষা-নির্দেশনা প্রদান করে।

▶ কে আবেদন করতে পারে?

নিউ ইয়র্ক সিটির অধিবাসী যারা COVID-19 মহামারীর সময় অস্থায়ীভাবে সিটি ছেড়ে চলে গিয়েছিল, তারা সহ সকল NYC পরিবার যাদের 2016 সালে জন্মগ্রহণকারী সন্তান রয়েছে, তারা এই বছর G&T কিভারগার্টেন প্রোগ্রামগুলোতে আবেদন করতে পারবে। G&T প্রোগ্রামে ভর্তি পাবলিক ডিস্ট্রিক্ট অথবা চার্টার স্কুল, এবং প্রাইভেট বা ধর্মীয় (প্যারোকিয়াল) স্কুলের শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত। সকল G&T প্রোগ্রাম অভিজ্ঞতার চাহিদাসম্পন্ন, প্রতিবন্ধিতাযুক্ত, ইংরেজি ভিন্ন অন্য ভাষায় কথা বলা, এবং অস্থায়ী আবাসন বা টেম্পোরারি হাউজিংয়ে বসবাসরত ছেলেমেয়ে সহ, সকল ছেলেমেয়েদের স্বাগত জানায় ও পরিষেবা প্রদান করে। অভিবাসন বা ইমিগ্রেশন অবস্থা যাই হোক না কেন, সকল পরিবার আবেদন করতে পারে।

অনুগ্রহ করে লক্ষ্য করুন: এই বছরের আবেদন শুধুমাত্র সেসব শিক্ষার্থীদের জন্য যারা 2021-এর হেমন্তে (ফল-এ) কিভারগার্টেনে ভর্তি হবে। প্রথম, দ্বিতীয়, অথবা তৃতীয় গ্রেডে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের জন্য G&T অফার গত বছরের অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্ট থেকে দেয়া হবে।

▶ মার্চের ভার্সুয়াল তথ্য অধিবেশনে আরও জেনে নিন

কীভাবে আবেদন করতে হয় এবং G&T প্রোগ্রামগুলি সম্পর্কে আরও জানতে আমাদের সাথে একটি অনুষ্ঠানে যোগ দিন। সেখানে আপনি প্রশ্ন করারও সুযোগ পাবেন। নির্দিষ্ট অনুষ্ঠানের তারিখ, সময়, এবং দোভাষী সম্পর্কিত তথ্য schools.nyc.gov/GT -সাইটে খুঁজে পাবেন।

▶ 9 এপ্রিলের মধ্যে আবেদন করুন!

আপনার সন্তানের আবেদনপত্রে, আপনার আগ্রহ আছে এমন 12টি G&T প্রোগ্রামে আপনি আবেদন করতে পারবেন। আপনার প্রকৃত পছন্দের প্রাধান্য অনুযায়ী সেগুলো ধারাক্রমে সাজানোর ব্যাপারটি নিশ্চিত করুন, আপনার প্রথম পছন্দটি #1 হিসেবে রাখুন। এরপর আপনার আবেদন জমা দিন। আপনি তিনটি সম্ভাব্য উপায়ে আপনার আবেদনপত্রটি শেষ তারিখ 9 এপ্রিলের মধ্যে জমা দিতে পারেন:

- অনলাইনে MySchools.nyc ঠিকানায়,
- আপনার স্থানীয় ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের মাধ্যমে—কীভাবে করতে হবে তা schools.nyc.gov/FWC -সাইটে জেনে নিন, অথবা
- **718-935-2009** নম্বরে ফোন করে।

▶ আপনি আবেদন করার পর কী হবে


প্রোগ্রাম অথবা DOE-এর মনোনয়ন ফর্ম

- বর্তমান প্রি-K ফর অল শিক্ষার্থীদের জন্য। আপনার সন্তানের আবেদনপত্র জমাদানের পর, প্রি-K স্কুল অথবা প্রোগ্রামের শিক্ষাবিদগণ এলোমেলোভাবে ধার্য লটারির মাধ্যমে G&T আসনে আপনার সন্তান যোগ্য কিনা তা নির্ধারণ করবেন, এবং তারা একটি মনোনয়ন ফর্ম পূরণ করবেন।
- যেসব শিক্ষার্থী প্রি-K ফর অল প্রোগ্রামে এনরোলড বা তালিকাভুক্ত নেই তাদের জন্য। আপনার সন্তানের আবেদনপত্র জমাদানের পর, প্রি-K আসনের জন্য সাইন আপ করতে আমরা আপনাকে উৎসাহিত করবো: যদি আপনি তা করেন, তাহলে আপনার সন্তানের নতুন প্রোগ্রাম একটি সংক্ষিপ্ত রিমোট ইন্টারভিউয়ের মাধ্যমে তার যোগ্যতা নির্ধারণ করবে। আপনি যদি আপনার সন্তানকে প্রি-K প্রোগ্রামে এনরোল করতে না চান, সেক্ষেত্রে DOE-র আর্লি চাইল্ডহুড টিম একটি সংক্ষিপ্ত ইন্টারভিউয়ের ভিত্তিতেই তার যোগ্যতা নির্ধারণ করবে।

যোগ্যতার বিজ্ঞপ্তি বা নোটিফিকেশন

বসন্তের শেষের দিকে, যেসকল পরিবার আবেদনপত্র জমা দিয়েছে তাদের সন্তান এই বছরের G&T প্রোগ্রামে ভর্তির যোগ্য হয়েছে কিনা তা আমরা জানাবো। সকল যোগ্য শিক্ষার্থীদের তখন G&T আসনের জন্য বিবেচনা করা হবে।

ফলাফল এবং অফার

এই গ্রীষ্মে বা সামারে, যোগ্য শিক্ষার্থীদের পরিবারেরা G&T ফলাফলের চিঠি পাবে। অপেক্ষা-তালিকার তথ্য সহ, এই চিঠিতে G&T প্রোগ্রামের অফার অন্তর্ভুক্ত থাকতে পারে। স্কুলগুলো তাদের নিজেদের অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্ট নিজেরাই পরিচালনা করে এবং আসন লভ্যতা অনুযায়ী অতিরিক্ত অফার প্রদান করে। আপনি যদি অফার অথবা অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্ট অফার পান, তবে প্রদত্ত শেষ তারিখের মধ্যে অফারটি গ্রহণ করতে ভুলবেন না। আপনি  **MySchools.nyc** -এর মাধ্যমে, প্রোগ্রামের সাথে সরাসরি যোগাযোগ করে, অথবা আমাদের সাথে **ESEnrollment@schools.nyc.gov** ঠিকানায় ইমেইল করে একটি অফার গ্রহণ করতে পারেন।

যোগাযোগ বজায় রাখুন!

আমাদের G&T ইমেইল তালিকার
জন্য সাইনআপ করুন।
আমরা সর্বসম্প্রতিক খবরাখবর
এবং ভর্তির শেষ তারিখ সহ
G&T প্রোগ্রামে ভর্তি সংক্রান্ত তথ্য
প্রদান করবো।

T&I 32488 (Bengali/Bangla)



[Schools.nyc.gov/GT](https://schools.nyc.gov/GT)



schools.nyc.gov/SignUp



718-935-2009

NYC Department of
Education